দৈনিক সংবাদ

তারিখ 25 APR 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম 3

# ময়মনসিংহ মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা।। ছাত্রদের হল ত্যাগের নির্দেশ

ময়মনসিংহ, ২৪শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতার ফোন) ।— হোস্টেলে সীট বরাদ্দ দিয়ে দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের জের হিসেবে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ ২০শে মে পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে এবং আজ বেলা ১২টার মধ্যে ছাত্রদের হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়।

জানা গেছে, ১ম বর্ষের ছাত্রদের জন্য হোস্টেলে সীট বরাদ্দের সময় জাতীয়তাবাদী ছাত্রদলের নামে নিয়ম বহির্ভূতভাবে ৪০টি অতিরিক্ত সীট বরাদ্দ করা হয়। ছাত্রলীগ (সু-র) কর্মীরা এর প্রতিবাদ জানায় এবং নিজেদের জন্যও অতিরিক্ত সীট বরাদ্দের দাবী জানায়। এতে শনিবার রাতে কলেজের বাঘমারা হোস্টেলে দুই দলের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া এবং কয়েক দফা বোমাবাজি হয়। মাঝরাতে হোস্টেলের পার্শ্ববর্তী এলাকাবাসীও এ ঘটনার সাথে জড়িয়ে পড়ে। পরে পুলিশ এলে পরিস্থিতি শান্ত হয়।

( শেষ পৃঃ-২-এর কঃ দ্রঃ )

## ছাত্রদের হল ত্যাগের নির্দেশ

( ১ম পাতার পর )

আজ সকাল থেকেই আবার উত্তেজনা বাড়তে থাকে। এক পর্যায়ে আবার ধাওয়া পাল্টা ধাওয়া ও ব্যাপক ভাঙচুর শুরু হয়। এসময় শফিকুল ইসলাম নামে একজন ছাত্র আহত হয়। সে ১ম বর্ষ (পুরাতন)-এর ছাত্র বলে জানা গেছে। এনাটমী বিল্ডিং মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। দুই পক্ষের প্রায় ৬০টি কক্ষ তছনছ করা হয়।

পরিস্থিতির দ্রুত অবনতি ঘটতে থাকলে পুলিশ হোস্টেল চত্বরে এসে আশ্রয় নেয়। কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করে ৪র্থ ও ৫ম বর্ষের ছাত্র ছাড়া অন্য সকল ছাত্রকে দুপুর ১২টার মধ্যে হোস্টেল ত্যাগের নির্দেশ দেন। ছাত্রীদের হল মূল ঘটনাস্থল থেকে দূরে বলে তাদের হল ত্যাগ করতে বলা হয়নি। মেডিক্যাল কলেজের উত্তেজনা এখন শহরেও ছড়িয়ে পড়ছে।

ঘটনা সম্পর্কে জানতে চাইলে হোস্টেলের তত্ত্বাবধায়ক ডাঃ মাইনুদ্দিন এ প্রতিনিধিকে 'যা খুশী তাই লিখে' দেয়ার পরামর্শ দেন।